ইত্তেফাক

তারিখ ...২১।১২।৭৭... পৃষ্ঠা ...৩... কলাম ...১...

062

# সময়মত পাঠ্যপুস্তক প্রকাশ ও সরবরাহের উপর গুরুত্ব আরোপ

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা এবং বিশেষতঃ পরীক্ষা গ্রহণ ও তত্ত্বাবধানের ক্ষেত্রে অধিকতর সমন্বয় ও সংযোগ সাধনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন।

তিনি গত বুধবার তাঁহার সচিবালয় কার্যালয়ে টেক্সট বুক বোর্ড ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডসমূহের চেয়ারম্যান, ডিপিআই ও ডিডিপিআই এবং শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সহিত এক বৈঠকে মিলিত হন।

তিনি সময়মত স্কুলের পাঠ্য পুস্তক প্রকাশ এবং এগুলি সুলভ মূল্যে সরবরাহের নিশ্চয়তা বিধানের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন এবং শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সরকারী সংস্থাসমূহের দক্ষতা বৃদ্ধির আহ্বান জানান।